

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)

কুমিল্লা শাখা, ১২৫/১১৭, রাজগঞ্জ, ছাতিপাট্টি, কুমিল্লা, কুমিল্লা সিটি কর্পোরেশন,

ডাকঘরঃ কুমিল্লা-৩৫০০, থানাঃ আদর্শ সদর, জিলাঃ কুমিল্লা

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কুমিল্লা শাখা, কুমিল্লা এর ঋন গ্রহিতা মোঃ জামাল হোসেন স্বত্বাধিকারী জাহিদ কটন মিলস পিতাঃ হাবিব উল্লাহ, মাতাঃ হাজেরা বেগম, ব্যবসায়িক ঠিকানাঃ জয়পুর হালিমা নগর, ডাকঘরঃ হালিমা নগর-৩৫০০, থানাঃ সদর দক্ষিণ, জেলাঃ কুমিল্লা এবং বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ হাবিলদার বাড়ী, গ্রামঃ জয়পুর, ডাকঘরঃ হালিমা নগর-৩৫০০, থানাঃ সদর দক্ষিণ, জেলাঃ কুমিল্লা কর্তৃক গৃহিত ঋনের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা ঋন মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০২.০১.০২০২৪ইং তারিখ পর্যন্ত ব্যাংকের সর্বমোট পাওনা মোট ২,২৫,৩৩,৩০১.২১ টাকা (দুই কোটি পঁচিশ লক্ষ তেরিশ হাজার তিনশত এক টাকা এবং একশ পয়সা) মাত্র এবং অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

১. জেলাঃ কুমিল্লা, থানা ও সাব রেজিস্ট্রি অফিস-সদর দক্ষিণ, জে এল নং-সাবেক ১৭৭ এবং হাল ৫৬ জয়পুর মৌজার অন্তর্গত খতিয়ান-নং-আর. এস-৩০, ১৬৬, বি.এস-৮৭, ৪২০, ২১৯, নামজারী খতিয়ান নং-৪৮৭, দাগ নং আর.এস. ২৬১, ২৭৪, ৬২০, ৬২১, ৬২২, বি.এস-৮৭৪, ৭৮২, ৮৭৭ সম্পত্তির পরিমাণ ৫১.০০ শতক ভূমি মাত্র।
২. জেলাঃ কুমিল্লা, থানা ও সাব রেজিস্ট্রি অফিস-সদর দক্ষিণ, জে এল নং-সাবেক ১৭৭ এবং হাল ৫৬ জয়পুর মৌজার অন্তর্গত খতিয়ান-নং-সি. এস-১০৮, আর. এস-১১৪, বি.এস-২৯৯, নামজারী খতিয়ান নং-৬৭৬, দাগ নং সি. এস-৬৬৯, আর.এস.-৬৬৯, বি.এস-৮৭৯ সম্পত্তির পরিমাণ ১০.০০ শতক ভূমি এবং তদস্থিত স্থাপনাদি।

চৌহদ্দি

উত্তরেঃ সফিকুল ইসলাম এবং অন্যান্য

দক্ষিণেঃ খাল

পূর্বেঃ আবদুর রশিদ এবং অন্যান্য

পশ্চিমেঃ বাসু মিয়া এবং অন্যান্য

নিলামের শর্তাবলী

- ১। আগামী ২৮.০১.২০২৪ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কুমিল্লা শাখায় রক্ষিত বাঞ্ছা সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-ওর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বাউতলা শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয় সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা, ডেস্কো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।
- ৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউসিবি পিএলসি, কুমিল্লা শাখা, কুমিল্লা।